

**ই-**-কমার্স জানার জন্য বাংলাদেশে ই-ক্যাব রুগ ছাড়া আর কোনো উৎস নেই। ই-কমার্সের ব্যাপারে সচেতন ব্যবসায়ীরা সব কিছু জেনে-শুনে ব্যবসায় নামেন। অনলাইনে ই-কমার্স শেখার জন্য ভালো অনেক ব্লগ আছে। সচেতন পাঠকদের জন্য এই পোস্টে বিশ্বের সবচেয়ে বেশি জনপ্রিয় ও নন্দিত কিছু ই-কমার্স ব্লগের তালিকা দেয়া হয়েছে। জনপ্রিয় সব ই-কমার্স ব্লগ থেকে বেছে নেয়া হয়েছে সেরা ই-কমার্স শেখার ১০টি ব্লগ।



### গেট ইলাস্টিক

গেট

ইলাস্টিক

(<http://www.getelastic.com/>) অনলাইনে আক্ষরিক অর্থেই সবচেয়ে ভালো ব্লগ এবং যেকোনো ই-কমার্স ব্লগের তুলনায় এর আছে সবচেয়ে বেশি গ্রাহক। ই-কমার্স ট্রিকস অ্যান্ড টিপসের জন্য গেট ইলাস্টিকে আপনি অ্যানসাইক্লোপিডিয়া ভাবতে পারেন। এই ব্লগটি টেলিকম থেকে রিটেইল প্রায় সব কিছুই কভার করে। আর এর আর্টিকলগুলো ই-কমার্স ব্যবসায়ের শুরুর টিপস থেকে বিভিন্ন ফিচার যেমন- ইনফোগ্রাফিক ফ্রাইডে, যা ভিজুয়ালি



### ই-কমার্সের গল্প বলে।

এই ব্লগটি মূলত টেকনিক্যাল বিষয়ে নিয়ে বেশি আলোচনা করে। গেট ইলাস্টিকের গ্রাহকদের বড় সুবিধাটি হলো এদের আর্কাইভ থেকে প্রায় সব কিছুই জানতে পারবেন। আপনি একে ই-কমার্স তথ্যের উৎস হিসেবে ব্যবহার করতে পারেন। আপনার দরকারি লেখাগুলো পড়তে পারেন এবং বাকিগুলোকে টেক্সট বইয়ের মতো করে সেলফে তুলে রাখতে পারেন।

### শপিফাই ব্লগ

বিগিনার ই-কমার্স সাইট মালিকদের জন্য দারুণ এই সাইটটি ([shopify.com/blog](http://shopify.com/blog)) এই কারণে সেরা দশ ই-কমার্স ব্লগে ছান করে নিয়েছে। এটি আরও একটি ই-কমার্স ব্লগ সাইট, যা একটি ই-কমার্স সেবাদানকারী সাইটের সাথে



## ই-কমার্স শেখার সেরা ১০ ব্লগ

Avtbwqvi tnvfmb

জড়িত। ই-কমার্স সফটওয়্যার ও অনলাইন স্টের বিস্তার ব্যবসায়ের পাশাপাশি এরা এই ব্লগটি চালিয়ে থাকে। তথ্যের খনি এই ব্লগটি আপনার জন্য হতে পারে অন্যতম সেরা ই-কমার্স ব্লগ।

শপিফাই ব্লগে রয়েছে- ব্যবসায় কীভাবে শুরু করা যায়, কীভাবে সেল করা যায়, ই-কমার্স ট্রেডের মত সব টপিক, যেখানে ক্লিক করে আপনি চলে যেতে পারেন ই-কমার্সের ক্রাশ কোর্সে। এর রয়েছে 'লার্নিং সেন্টার' নামে ই-বুক ডাউনলোড করার একটি শাখা।

### বাফার ব্লগ

আরও একটি দারুণ ব্লগ হচ্ছে বাফার ব্লগ (<https://blog.bufferapp.com>)। উৎপাদনশীলতা, লাইফ হেক, ব্যবসায় ইত্যাদি টপিকের ওপর প্রচুর যেমন- ইনফোগ্রাফিক ফ্রাইডে, যা ভিজুয়ালি



লেখা রয়েছে এই ব্লগে। এগুলো সরাসরি ই-কমার্সের সাথে জড়িত না হলেও কনসেপ্টগুলো নতুন উদ্যোগাদের জীবন ও ব্যবসায়িক সৃজনশীলতা ও উৎপাদনশীলতার সাথে জড়িত।

### কিসমেটিক্স ব্লগ

এটি হচ্ছে এমন একটি ব্লগ



(<https://blog.kissmetrics.com/>), যেখানে অ্যানালাইটিক্স, মার্কেটিং এবং টেক্সিং নিয়ে প্রচুর লেখা রয়েছে। এই ব্লগে কীভাবে ইন্টারনেট মার্কেটারেরা তাদের অনলাইন মার্কেটিং অ্যাপ্রোচ কার্যকর বা উন্নতি করতে পারে, সে বিষয়েও আছে প্রচুর লেখা। নিল প্যাটেল ও হিটেন শাহ কিসমেটিক্সের প্রতিষ্ঠাতা, যারা টেক ক্রেসের মতো বড় সাইটের ট্রাফিক অতি দ্রুত বাড়তে সাহায্য করেছিলেন।

### সোশ্যাল মিডিয়া এক্সামিনার

সোশ্যাল মিডিয়া ছাড়া ভায়াবল ই-কমার্স ব্যবসায় করতে সক্ষম হবেন না। আর সোশ্যাল মিডিয়াকে সর্বোচ্চ ব্যবহার করে এর থেকে ভালো ফল নিয়ে আসার জন্য সোশ্যাল মিডিয়া এক্সামিনার ([www.socialmediaexaminer.com](http://www.socialmediaexaminer.com)) হচ্ছে সেরা ব্লগগুলোর একটি। এর লক্ষ্য হচ্ছে

ব্যবসায় মালিকদের দিয়ে সবচেয়ে জনপ্রিয় সোশ্যাল মিডিয়া ব্যবহার করে লিড, সেল বাড়ানো এবং ব্র্যান্ডের উন্নয়ন করা। দৈনিক পত্রিকাতে গ্রাহক হলে আপনি যেমন বাড়তি হিসেবে পান তাদের ব্লগ কনটেন্ট পড়ার সুযোগ, তেমনি সোশ্যাল মিডিয়া এক্সামিনারও নিয়মিত পড় কাস্ট অফার করে, যেখানে থাকে বিজেনেস লিডার ও ব্যবসায়ীদের সাক্ষাৎকার। এসব বিষয় অবশ্যই আপনার সোশ্যাল মিডিয়া এক্সপোজারকে সর্বোচ্চ করতে এবং সবচেয়ে ভালো ফল নিয়ে আসতে সাহায্য করবে।

ব্লগং, ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, পিইটারেন্ট- এগুলো আপনার কাছে অন্য এক ভাষা মনে হতে পারে। সেটা হলেও এগুলো হতে পারে আপনার সফলতার অন্যতম নিয়ামক। এই ব্লগটি আপনাকে সব সোশ্যাল মিডিয়াকে সবচেয়ে কার্যকরভাবে ব্যবহার করতে শেখাবে।

### ম্যাশেবল

কিছু ব্লগ বা ওয়েবসাইট প্রধানত বিভিন্ন বিষয়ে তথ্য দেবে এবং টিপস ও ট্রিকস শেখাবে। এ ক্ষেত্রে ম্যাশেবল (<http://mashable.com/>) নিউজ শেয়ার করে থাকে। ম্যাশেবল সোশ্যাল, মিডিয়া, টেকনোলজি এবং ডিজিটাল মিডিয়া ক্যাটাগরিতে নিউজ শেয়ার করে থাকে। মজার খবর থেকে শুরু করে আপ টু ডেট থাকার মতো সাম্প্রতিক খবর এবং ট্রেডস সবই পাওয়া যাবে এই ব্লগে। একটি পরামর্শ হতে পারে যে, এ ব্লগের সব কিছু পড়ার চেষ্টা না করাই ভালো।

### মোজ ব্লগ

ই-কমার্সের সবার তো বটেই, এমনকি যাদের একটি ওয়েবসাইট আছে তাদের জন্য এই ব্লগটি (<https://moz.com/blog>) অবশ্যই অনুসরণ করা উচিত। এই ব্লগটি আপনার সাইটের এসইও এবং (বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়)